“সত্যের সন্ধানে অবিচল”

NKE Noakhali Khabar Express

নোয়াখালী খবর এক্সপ্রেস

NOAKHALI KHABAR EXPRESS

নোয়াখালী

অনলাইন ই-পেপার | NOV | শনিবার, ১৪ নভেম্বর ২০২৬ | বর্ষ:-০১,সংখ্যা :-১২ | noakhalikhabarexpress.com

প্রাথমিক স্বাস্থ্যসেবা জোরদারে ৫৬ হাজার ৭৫০কোটি টাকার প্রকল্প



দেশের প্রাথমিক স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে প্রায় ৫৬ হাজার ৭৫০ কোটি ৬৪ লাখ টাকার দুটি প্রকল্প হাতে নিয়েছে সরকার। এর আওতায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের স্বাস্থ্যসেবা অবকাঠামো উন্নয়নের পরিকল্পনা করা হয়েছে।
বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) জানায়, ২০২৬ সালের ডিসেম্বর থেকে ২০২৯ সালের নভেম্বর পর্যন্ত প্রকল্প দুটি বাস্তবায়নের প্রস্তাব রয়েছে।
প্রথম প্রকল্পে উপজেলা পর্যায়ের স্বাস্থ্য কমপ্লেক্সগুলোর নির্মাণ, পুনর্নির্মাণ ও আধুনিকায়নে ৪৪ হাজার ৭৫৭ কোটি টাকার বেশি ব্যয় প্রস্তাব করা হয়েছে। দ্বিতীয় প্রকল্পে ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের স্বাস্থ্য অবকাঠামো উন্নয়নে প্রায় ১১ হাজার ৯৯৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রয়েছে।
পরিকল্পনা অনুযায়ী, দেশের ৫০৩টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে উন্নত চিকিৎসাসেবার উপযোগী করে গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। পাশাপাশি প্রাথমিক স্বাস্থ্যসেবা হাব ও কেন্দ্র সম্প্রসারণ করা হবে।
প্রকল্প দুটি বাস্তবায়িত হলে গ্রামীণ জনগোষ্ঠীর চিকিৎসাসেবা পাওয়া সহজ হবে এবং জেলা ও বিভাগীয় হাসপাতালের ওপর চাপ কমবে বলে আশা করা হচ্ছে।
তবে প্রকল্পগুলো এখনো প্রস্তাবিত পর্যায়ে রয়েছে। অনুমোদনের আগে বিভিন্ন বিষয় পর্যালোচনার সুপারিশ করেছে পরিকল্পনা কমিশন।
নোয়াখালী খবর এক্সপ্রেস (NKE)



চাটখিলে শ্রমিক দল নেতা হত্যা:সাবেক স্ত্রীসহ তিনজন গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক, নোয়াখালী:
নোয়াখালীর চাটখিল উপজেলায় নিখোঁজের ছয় দিন পর মাটিচাপা অবস্থায় উদ্ধার হওয়া শ্রমিক দল নেতা মোহাম্মদ রাসেল (৩২) হত্যাকাণ্ডের ঘটনায় তাঁর সাবেক স্ত্রী, সাবেক স্ত্রীর বোন ও বর্তমান স্বামীকে আটক করেছে এসআরবি-১১।
শুক্রবার (১৩ নভেম্বর) সকালে এসআরবি-১১-এর নোয়াখালী ক্যাম্পের কোম্পানি কমান্ডার মিঠুন কুমার কুন্ডু সংবাদ সম্মেলনে আটকের বিষয়টি নিশ্চিত করেন।
আটক ব্যক্তিরা হলেন নিহত রাসেলের সাবেক স্ত্রী ফারজানা আক্তার মুক্তা (২৬), তাঁর বোন নাদিয়া সুলতানা রত্না (২৫) এবং মুক্তার বর্তমান স্বামী মো. সেলিম (২৫)।
নিহত রাসেল চাটখিল উপজেলার নোয়াখলা ইউনিয়ন শ্রমিক দলের সাবেক যুগ্ম আহ্বায়ক এবং একই এলাকার সিরাজুল ইসলামের ছেলে।
এসআরবি-১১-এর প্রাথমিক তদন্ত ও সংবাদ সম্মেলনের তথ্য অনুযায়ী, প্রায় ১০ থেকে ১২ বছর আগে প্রেমের সম্পর্কের সূত্র ধরে রাসেলের সঙ্গে মুক্তার বিয়ে হয়। তাঁদের সংসারে একটি ছেলে ও একটি মেয়ে সন্তান রয়েছে। পরবর্তীতে সেলিমের সঙ্গে মুক্তার সম্পর্ককে কেন্দ্র করে তাঁদের মধ্যে পারিবারিক বিরোধ দেখা দেয়। একপর্যায়ে রাসেলকে তালাক দিয়ে চলতি বছরের অক্টোবর মাসে সেলিমকে বিয়ে করেন মুক্তা।
এসআরবি-১১ জানায়, গত ৬ নভেম্বর রাতে মোবাইল ফোনে রাসেলকে তাঁদের বাড়িতে ডেকে নেন মুক্তা। সেখানে বিভিন্ন বিষয় নিয়ে কথাকাটাকাটির একপর্যায়ে অন্যদের সহযোগিতায় রাসেলকে পরিকল্পিতভাবে হত্যা করা হয় বলে প্রাথমিকভাবে জানা গেছে। পরে হত্যার ঘটনা আড়াল করতে তাঁর মরদেহ কম্বল দিয়ে মুড়িয়ে পাশের একটি পরিত্যক্ত ঘরে মাটিচাপা দেওয়া হয়।
গত বৃহস্পতিবার (১২ নভেম্বর) পুলিশ ওই পরিত্যক্ত ঘর থেকে মাটিচাপা অবস্থায় রাসেলের মরদেহ উদ্ধার করে। এ ঘটনায় নিহতের বাবা সিরাজুল ইসলাম বাদী হয়ে পাঁচজনকে আসামি করে চাটখিল থানায় হত্যা মামলা দায়ের করেন।
মামলার ভিত্তিতে বৃহস্পতিবার দিবাগত রাতে ঢাকার যাত্রাবাড়ীর কদমতলা এলাকা থেকে মুক্তা ও রত্নাকে এবং পরবর্তীতে চট্টগ্রামের ডবলমুরিং এলাকা থেকে সেলিমকে আটক করা হয়।
শুক্রবার দুপুরে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য আটক তিনজনকে চাটখিল থানায় হস্তান্তর করা হয়েছে।
Noakhali Khabar Express সত্যের সন্ধানে অবিচল।



আজ বিশ্ব ডায়াবেটিস দিবস: সচেতনতা ও আগাম পরীক্ষার আহবান

আজ ১৪ নভেম্বর বিশ্ব ডায়াবেটিস দিবস। রোগটি সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি এবং প্রতিরোধে আগাম পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশে দিবসটি পালিত হবে।
এ বছরের প্রতিপাদ্য ‘ডায়াবেটিস: এখনই পদক্ষেপ নিন’।
আন্তর্জাতিক ডায়াবেটিস ফেডারেশনের ২০২৫ সালের তথ্য অনুযায়ী, বাংলাদেশে ২০২৪ সালে প্রাপ্তবয়স্ক ডায়াবেটিস রোগীর সংখ্যা ছিল প্রায় ১ কোটি ৩৯ লাখ। রোগীর সংখ্যার দিক থেকে বিশ্বে বাংলাদেশের অবস্থান অষ্টম।
বিশেষজ্ঞদের মতে, নিয়মিত শরীরচর্চা, স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস এবং ওজন নিয়ন্ত্রণ ডায়াবেটিসের ঝুঁকি কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।
বিশেষজ্ঞ চিকিৎসকরা সপ্তাহে অন্তত ১৫০ মিনিট দ্রুত হাঁটা বা ব্যায়ামের পরামর্শ দিয়েছেন। পাশাপাশি অতিরিক্ত চিনি, মিষ্টি পানীয়, পরিশোধিত শর্করা এবং অস্বাস্থ্যকর খাবার গ্রহণ কমানোর ওপর গুরুত্ব দিয়েছেন।
৩৫ বছর বা তার বেশি বয়সীদের নিয়মিত ডায়াবেটিস পরীক্ষা করার পরামর্শ দেওয়া হয়েছে। কম বয়সীদের মধ্যেও অতিরিক্ত ওজন, পারিবারিক ইতিহাস বা উচ্চ রক্তচাপ থাকলে আগাম পরীক্ষা প্রয়োজন।
সচেতনতা, নিয়মিত পরীক্ষা ও জীবনযাত্রায় পরিবর্তনের মাধ্যমে ডায়াবেটিসের ঝুঁকি নিয়ন্ত্রণ করা সম্ভব।
নোয়াখালী খবর এক্সপ্রেস (NKE)



উদয় এইড ফাউন্ডেশনের বৃত্তি পরীক্ষা নোয়াখালী-ফেনীতে অংশ নিল প্রায় ১০হজার শিক্ষার্থী

নোয়াখালী প্রতিনিধি:
শিক্ষার্থীদের মেধা বিকাশ ও প্রতিভা অন্বেষণের লক্ষ্যে দ্বিতীয়বারের মতো নোয়াখালী ও ফেনী জেলায় উদয় এইড ফাউন্ডেশনের উদ্যোগে বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এতে প্রায় ১০ হাজার শিক্ষার্থী অংশগ্রহণ করেছে।
শুক্রবার (১৩ নভেম্বর) দুই জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে নির্ধারিত কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এর মধ্যে নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলায় ৫টি, কবিরহাটে ৩টি, ফেনীর দাগনভূঞায় ২টি এবং সেনবাগ উপজেলায় ১টি কেন্দ্রে পরীক্ষা নেওয়া হয়। কোম্পানীগঞ্জের বালদত্ত উচ্চ বিদ্যালয়ও ছিল পরীক্ষার একটি কেন্দ্র।
উদয় এইড ফাউন্ডেশনের চেয়ারম্যান অ্যাডভোকেট মামুনুর রশিদ জানান, শিক্ষার্থীদের মেধা বিকাশ, প্রতিভা অন্বেষণ এবং পড়াশোনার প্রতি আগ্রহ বাড়ানোর উদ্দেশ্যে দ্বিতীয় বছরের মতো এ আয়োজন করা হয়েছে। নোয়াখালী ও ফেনী জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় ১০ হাজার ছাত্রছাত্রী এ পরীক্ষায় অংশ নিয়েছে।
তিনি আরও জানান, শিক্ষার্থীদের মেধা ও যোগ্যতা বিকাশের পাশাপাশি ভবিষ্যতে তাদের শিক্ষাজীবনে এগিয়ে যেতে উৎসাহিত করাই এ উদ্যোগের মূল লক্ষ্য।
স্থানীয় শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে এ আয়োজন ইতিবাচক সাড়া ফেলেছে। সংশ্লিষ্টরা মনে করছেন, এ ধরনের উদ্যোগ শিক্ষার্থীদের মধ্যে সুস্থ প্রতিযোগিতা ও মেধা বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।
নোয়াখালী খবর এক্সপ্রেস (NKE)



২০৩০ বিশ্বকাপ পর্যন্ত আর্জেন্টিনার স্কালোনি, গড়ছেন ইতিহাস

আর্জেন্টিনা জাতীয় ফুটবল দলের প্রধান কোচ হিসেবে ২০৩০ বিশ্বকাপ পর্যন্ত দায়িত্ব পালন করবেন লিওনেল স্কালোনি। বৃহস্পতিবার (১২ নভেম্বর) তাঁর সঙ্গে নতুন চুক্তির বিষয়টি নিশ্চিত করেছে আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশন (এএফএ)।
৪৮ বছর বয়সী এই কোচের আগের চুক্তির মেয়াদ চলতি বছরের ডিসেম্বরে শেষ হওয়ার কথা ছিল। নতুন চুক্তির ফলে ২০৩০ বিশ্বকাপ পর্যন্ত আর্জেন্টিনার ডাগআউটে থাকবেন তিনি।
২০১৮ সালের সেপ্টেম্বরে আর্জেন্টিনার দায়িত্ব নেন স্কালোনি। তাঁর অধীনে ২০২১ ও ২০২৪ সালে কোপা আমেরিকা এবং ২০২২ সালে কাতার বিশ্বকাপের শিরোপা জেতে আর্জেন্টিনা। ২০২৬ বিশ্বকাপেও দলকে ফাইনালে তুলেছিলেন তিনি। তবে ফাইনালে স্পেনের কাছে ১-০ গোলে হেরে রানার্সআপ হয় আর্জেন্টিনা।
নতুন চুক্তি পূর্ণ করতে পারলে আর্জেন্টিনার ইতিহাসে প্রথম কোচ হিসেবে তিনটি বিশ্বকাপে জাতীয় দলকে নেতৃত্ব দেওয়ার রেকর্ড গড়বেন স্কালোনি।
এদিকে আন্তর্জাতিক ফুটবল থেকে লিওনেল মেসির অবসরের পর নতুন প্রজন্মের খেলোয়াড়দের নিয়ে দল পুনর্গঠনের চ্যালেঞ্জও নিতে হবে তাঁকে।
চুক্তি নবায়নের পর স্কালোনি জানান, দায়িত্ব পালনের প্রথম দিনের মতোই তাঁর মধ্যে এখনো একই উদ্দীপনা ও আগ্রহ রয়েছে। নতুন একটি অধ্যায় শুরু হচ্ছে বলেও মন্তব্য করেন তিনি।
নোয়াখালী খবর এক্সপ্রেস (NKE)



মধ্যপ্রাচ্যে উত্তেজনা :বাহরাইনমুখী ইরানি ড্রোন ভূপাতিতের দাবও যুক্তরাষ্ট্রের

মধ্যপ্রাচ্যে নতুন করে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। বাহরাইনের দিকে এগিয়ে আসা ইরানের দুটি হামলাকারী ড্রোন ভূপাতিত করার দাবি করেছে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী।
শুক্রবার (১৩ নভেম্বর) প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।
যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর দাবি, ড্রোন দুটি লক্ষ্যবস্তুতে পৌঁছানোর আগেই প্রতিহত করা হয়েছে। এ ঘটনায় কোনো হতাহত বা ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি বলে জানিয়েছে তারা।
অন্যদিকে, ইরান দাবি করেছে, দক্ষিণাঞ্চলে যুক্তরাষ্ট্রের হামলার পাল্টা জবাব হিসেবে বাহরাইনে মার্কিন আগাম সতর্কীকরণ রাডার লক্ষ্য করে হামলা চালানো হয়েছে।
তবে রাডারে হামলার বিষয়টি যুক্তরাষ্ট্র অস্বীকার করেছে। উভয় পক্ষের দাবির স্বাধীন সত্যতা তাৎক্ষণিকভাবে নিশ্চিত হওয়া যায়নি।
এদিকে ইরানের দক্ষিণাঞ্চলীয় বন্দরনগরী সিরিকেও গভীর রাতে কয়েক দফা বিস্ফোরণের খবর পাওয়া গেছে। তবে কারা হামলা চালিয়েছে এবং কী পরিমাণ ক্ষয়ক্ষতি হয়েছে, তা এখনো নিশ্চিত নয়।
এ পরিস্থিতিতে হরমুজ প্রণালিকেন্দ্রিক অঞ্চলসহ মধ্যপ্রাচ্যের নিরাপত্তা নিয়ে নতুন উদ্বেগ তৈরি হয়েছে।
নোয়াখালী খবর এক্সপ্রেস (NKE)



চাটখিলে ফুটবল খেলাকে কেন্দ্র করে বিরোধ, লাঠির আঘাতে বৃদ্ধের মৃত্যু

চাটখিল প্রতিনিধি:
নোয়াখালীর চাটখিল উপজেলায় শিশুদের ফুটবল খেলাকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের জেরে প্রতিপক্ষের লাঠির আঘাতে মীর হোসেন (৬০) নামে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে।
শুক্রবার (১৩ নভেম্বর) বিকেলে উপজেলার ৭ নম্বর হাটপুকুরিয়া ঘাটলাবাগ ইউনিয়নের বক্তারপুর এলাকার মুন্সি চৌকিদার বাড়িতে এ ঘটনা ঘটে।
স্থানীয় সূত্র ও নিহতের নাতি হাবিবুর রহমান আসিফের (১৪) বক্তব্য অনুযায়ী, বাড়ির শিশু-কিশোরেরা ফুটবল খেলার সময় একই বাড়ির ফয়সালের মায়ের গায়ে বল লাগে। এ নিয়ে শিশুদের সঙ্গে তাঁর কথা-কাটাকাটি হয়। পরে শিশুরা তাঁর কাছে ক্ষমা চায়।
এ ঘটনার পর ফয়সালের স্ত্রী মোবাইল ফোনে তাঁর স্বামীকে বিষয়টি জানালে তিনি ক্ষিপ্ত হয়ে ঘটনাস্থলে আসেন বলে অভিযোগ উঠেছে। সেখানে তিনি খেলার মাঠে শিশুদের ওপর হামলা চালান বলে পরিবারের পক্ষ থেকে দাবি করা হয়েছে।
এ সময় নিজের নাতিসহ অন্য শিশুদের রক্ষা করতে মীর হোসেন এগিয়ে গেলে ফয়সাল তাঁর মাথায় লাঠি দিয়ে আঘাত করেন বলে অভিযোগ করেন নিহতের নাতি। এতে তিনি গুরুতর আহত হন।
পরে স্থানীয় লোকজন তাঁকে উদ্ধার করে সন্ধ্যায় চাটখিল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।
খবর পেয়ে চাটখিল থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) দেবাশীষ রায়ের নেতৃত্বে পুলিশের একটি দল হাসপাতালে যায়। এ সময় পুলিশ নিহতের সুরতহাল প্রতিবেদন প্রস্তুতসহ প্রয়োজনীয় আইনগত কার্যক্রম সম্পন্ন করে।
এদিকে মীর হোসেনের মৃত্যুর খবরে হাসপাতালে স্বজনদের মধ্যে শোকের ছায়া নেমে আসে। তাঁদের কান্না ও আহাজারিতে হাসপাতাল এলাকায় হৃদয়বিদারক পরিস্থিতির সৃষ্টি হয়।
এ বিষয়ে চাটখিল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবদুল মোন্নাফ জানান, ঘটনাটি নিয়ে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে।
Noakhali Khabar Express

"সত্যের সন্ধানে অবিচল"

নোয়াখালী খবর এক্সপ্রেস

NOAKHALI KHABAR EXPRESS

Noakhali Khabar Express

নোয়াখালী

অনলাইন ই-পেপার | NOV | শনিবার,১৪ নভেম্বর ২০২৬ | দ্বিতীয় পৃষ্ঠা | noakhalikhabarexpress.com



নোয়াখালীতে কমছে রাতের তাপমাত্রা, বাড়ছে শীতের আমেজ

নোয়াখালী প্রতিনিধি:
নোয়াখালীতে দিনের তুলনায় রাতের তাপমাত্রা কমতে শুরু করেছে। আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী, আগামী কয়েক দিন জেলায় সর্বনিম্ন তাপমাত্রা ১৬ থেকে ১৯ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে থাকতে পারে।
বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্যসেবা (বামিস) প্রকাশিত ১১ থেকে ১৫ নভেম্বরের পূর্বাভাস অনুযায়ী, ১৩ নভেম্বর নোয়াখালীতে সর্বোচ্চ তাপমাত্রা ৩০ দশমিক ৯ ডিগ্রি এবং সর্বনিম্ন তাপমাত্রা ১৬ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস হতে পারে।
১৪ নভেম্বর সর্বনিম্ন তাপমাত্রা ১৬ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াসে নামার পূর্বাভাস রয়েছে। এ সময় উল্লেখযোগ্য বৃষ্টিপাতের সম্ভাবনাও নেই।
আবহাওয়ার এ পরিবর্তনে ভোর ও রাতের দিকে তুলনামূলক শীতল অনুভূতি তৈরি হতে পারে। বিশেষ করে শিশু ও বয়স্কদের প্রয়োজনীয় সতর্কতা অবলম্বনের পরামর্শ দেওয়া হচ্ছে।
নোয়াখালী খবর এক্সপ্রেস (NKE)



দেশে সারের মজুত ১৬ লাখ মেট্রিক টন ছাড়িয়েছে

আসন্ন রবি মৌসুমকে সামনে রেখে দেশে রাসায়নিক সারের মজুত বেড়ে ১৬ লাখ ৭ হাজার ১০০ মেট্রিক টনে দাঁড়িয়েছে। গত বছরের একই সময়ের তুলনায় সারের মজুত বেড়েছে ২ লাখ ৬২ হাজার ১০০ মেট্রিক টন।
শুক্রবার (১৩ নভেম্বর) প্রকাশিত কৃষি মন্ত্রণালয়ের সর্বশেষ তথ্যের ভিত্তিতে এ চিত্র উঠে এসেছে।
বর্তমানে দেশে ইউরিয়া সার ৬ লাখ ৬ হাজার ৯০০ মেট্রিক টন, টিএসপি ৪ লাখ ৭ হাজার মেট্রিক টন, ডিএপি ৩ লাখ ৩১ হাজার ১০০ মেট্রিক টন এবং এমওপি সার ২ লাখ ৬২ হাজার ১০০ মেট্রিক টন মজুত রয়েছে।
চলতি ২০২৬-২৭ অর্থবছরে দেশে সারের মোট চাহিদা নির্ধারণ করা হয়েছে ৫৮ লাখ ৫ হাজার মেট্রিক টন।
কৃষকদের কাছে সময়মতো ও ন্যায্যমূল্যে সার পৌঁছে দিতে মাঠ প্রশাসন ও কৃষি কর্মকর্তাদের নির্দেশনা দেওয়া হয়েছে। একই সঙ্গে কৃত্রিম সংকট, মজুতদারি ও অতিরিক্ত দামে সার বিক্রি বন্ধে নজরদারি বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে।
কৃষি বিভাগের কর্মকর্তারা জানিয়েছেন, আসন্ন রবি মৌসুমে কৃষকদের সারের চাহিদা পূরণে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।
নোয়াখালী খবর এক্সপ্রেস (NKE)

প্রথম ওভারেই ৩ উইকেট হারিয়ে লজ্জার রেকর্ড ভারতের



প্রথম ওভারেই ৩ উইকেট হারিয়ে লজ্জার রেকর্ড ভারতের

নিউজিল্যান্ডের বিপক্ষে চতুর্থ ওয়ানডেতে ব্যাটিং বিপর্যয়ে পড়েছে ভারত। ইনিংসের প্রথম ওভারেই কোনো রান যোগ করার আগেই তিন উইকেট হারিয়ে বিব্রতকর রেকর্ড গড়েছে দলটি।
মাউন্ট মঙ্গানুইয়ের বে ওভালে ৩৩৪ রানের লক্ষ্য তাড়া করতে নেমে এমন বিপর্যয়ের মুখে পড়ে ভারত।
নিউজিল্যান্ডের পেসার ম্যাট হেনরি প্রথম ওভারেই তিনটি গুরুত্বপূর্ণ উইকেট তুলে নেন। তাঁর শিকারে পরিণত হন ভারতের তারকা ব্যাটার রোহিত শর্মা, বিরাট কোহলি ও শ্রেয়াস আইয়ার। তিনজনই কোনো রান করতে পারেননি।
প্রথম বলেই রোহিত শর্মাকে ফেরান হেনরি। এরপর ওভারের পঞ্চম বলে বিরাট কোহলিকে বোল্ড করেন তিনি। শেষ বলে শ্রেয়াস আইয়ারকে এলবিডব্লিউর ফাঁদে ফেলেন এই কিউই পেসার।
ফলে প্রথম ওভার শেষে ভারতের স্কোর দাঁড়ায় ৩ উইকেটে শূন্য।
ওয়ানডে ক্রিকেটের ইতিহাসে প্রথম তিন উইকেট হারানোর আগে কোনো রান করতে না পারার ঘটনা এটি পঞ্চমবার। ভারতের জন্য এমন পরিস্থিতি এই প্রথম।
নোয়াখালী খবর এক্সপ্রেস (NKE)



চট্টগ্রাম পর্যন্ত বৈদ্যুতিক ট্রেন নেটওয়ার্ক সম্প্রসারণের পরিকল্পনা
দেশের রেল যোগাযোগ ব্যবস্থাকে আধুনিক ও পরিবেশবান্ধব করতে বৈদ্যুতিক ট্রেন নেটওয়ার্ক চট্টগ্রাম পর্যন্ত সম্প্রসারণের পরিকল্পনা করছে সরকার। প্রাথমিকভাবে নারায়ণগঞ্জ–ঢাকা–জয়দেবপুর রেলপথে পাইলট প্রকল্প বাস্তবায়নের পর এ উদ্যোগ নেওয়া হবে।
বাংলাদেশ রেলওয়ের পরিকল্পনা অনুযায়ী, ঘণ্টায় সর্বোচ্চ ১৪০ কিলোমিটার গতিতে চলতে সক্ষম আধুনিক বৈদ্যুতিক ট্রেন চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। দেশের প্রথম বৈদ্যুতিক ট্রেন করিডোর হিসেবে নারায়ণগঞ্জ–ঢাকা–জয়দেবপুর রেলপথ নির্বাচন করা হয়েছে। প্রকল্পটি ইতোমধ্যে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) অনুমোদন পেয়েছে।
প্রায় সাড়ে ৩ হাজার কোটি টাকা ব্যয়ের এ প্রকল্পের সিংহভাগ অর্থায়ন করবে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। পরিকল্পনা অনুযায়ী, ২০২৭ সালের মধ্যে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন এবং ২০২৮ সালের মাঝামাঝি বড় ধরনের নির্মাণকাজ এগিয়ে নেওয়ার লক্ষ্য রয়েছে।
পাইলট প্রকল্পের আওতায় ১৬ সেট আধুনিক ইলেকট্রিক মাল্টিপল ইউনিট (ইএমইউ) ট্রেন আমদানির পরিকল্পনা রয়েছে।
রেলওয়ে কর্মকর্তাদের মতে, ভবিষ্যতে ঢাকা–চট্টগ্রাম রেলপথে বৈদ্যুতিক ট্রেন চালু করা গেলে যাত্রী ও পণ্য পরিবহনে গতি বাড়বে। একই সঙ্গে পরিচালন ব্যয় এবং জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা কমানো সম্ভব হবে।
এ ছাড়া বৈদ্যুতিক ট্রেন চালুর মাধ্যমে কার্বন নিঃসরণ ও বায়ুদূষণ কমিয়ে পরিবেশবান্ধব রেল যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার সুযোগ তৈরি হবে।
তবে চট্টগ্রাম পর্যন্ত বৈদ্যুতিক ট্রেন চালুর বিষয়টি এখনো পরিকল্পনা পর্যায়ে রয়েছে। এর আগে প্রাথমিক পাইলট প্রকল্প বাস্তবায়ন করতে হবে।
নোয়াখালী খবর এক্সপ্রেস (NKE)



সংবাদপত্র পাঠে অনীহা,হারিয়ে যাচ্ছে পড়ার অভ্যাস

ডিজিটাল যুগে তথ্যের প্রবাহ বাড়লেও গভীরভাবে পড়ার আগ্রহ কমছে, নতুন প্রজন্মকে পাঠাভ্যাসে ফিরিয়ে আনা সময়ের দাবি।
একসময় দিনের শুরু হতো সংবাদপত্রের পাতা উল্টানোর মধ্য দিয়ে। চায়ের কাপ হাতে নিয়ে জাতীয়, আন্তর্জাতিক, অর্থনীতি, খেলাধুলা কিংবা স্থানীয় খবর পড়া ছিল অনেকের দৈনন্দিন অভ্যাস। পরিবারের সদস্যদের মধ্যে সংবাদপত্র পড়া নিয়ে আলোচনা হতো। গুরুত্বপূর্ণ সংবাদ নিয়ে তৈরি হতো মতামত ও বিশ্লেষণ। কিন্তু সময়ের পরিবর্তনে সেই চিত্র অনেকটাই বদলে গেছে।
বর্তমানে প্রযুক্তির অগ্রগতির ফলে সংবাদ পৌঁছে যাচ্ছে মানুষের হাতের মুঠোয়। স্মার্টফোন, সামাজিক যোগাযোগমাধ্যম ও অনলাইন সংবাদপোর্টালের কারণে মুহূর্তের মধ্যেই জানা যাচ্ছে দেশ-বিদেশের নানা খবর। এটি নিঃসন্দেহে ইতিবাচক পরিবর্তন। তবে এর পাশাপাশি একটি বিষয় উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে—বিশেষ করে নতুন প্রজন্মের মধ্যে নিয়মিত সংবাদপত্র পড়ার অভ্যাস ক্রমেই কমে আসছে।
দ্রুত সংবাদ, কমছে গভীর পাঠ
সামাজিক যোগাযোগমাধ্যমে কয়েক লাইনের শিরোনাম কিংবা ছোট ভিডিও দেখে অনেকেই দিনের খবর সম্পর্কে ধারণা নিচ্ছেন। কিন্তু একটি ঘটনার পেছনের কারণ, প্রেক্ষাপট ও বিশ্লেষণ জানার জন্য যে মনোযোগ দিয়ে পড়া প্রয়োজন, তা অনেক ক্ষেত্রেই অনুপস্থিত।
সংবাদপত্র শুধু খবর জানার মাধ্যম নয়; এটি মানুষের চিন্তাশক্তি, ভাষাজ্ঞান, বিশ্লেষণক্ষমতা ও সচেতনতা বৃদ্ধিতেও ভূমিকা রাখে। নিয়মিত সংবাদপত্র পড়লে একজন পাঠক সমাজ, রাষ্ট্র, অর্থনীতি, শিক্ষা, সংস্কৃতি ও বিশ্বপরিস্থিতি সম্পর্কে বিস্তৃত ধারণা অর্জন করতে পারেন।
নতুন প্রজন্মকে ফিরিয়ে আনতে হবে পাঠাভ্যাসে
শিশু-কিশোরদের মধ্যে বই ও সংবাদপত্র পড়ার আগ্রহ তৈরিতে পরিবার ও শিক্ষাপ্রতিষ্ঠানের ভূমিকা গুরুত্বপূর্ণ। ছোটবেলা থেকেই তাদের হাতে বই ও সংবাদপত্র তুলে দেওয়ার অভ্যাস গড়ে তুলতে হবে।
শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়মিত পত্রিকা পাঠের ব্যবস্থা, পাঠাগার কার্যক্রম এবং সমসাময়িক বিষয় নিয়ে আলোচনা আয়োজন করা যেতে পারে। এতে শিক্ষার্থীরা শুধু পরীক্ষার পড়াশোনার মধ্যে সীমাবদ্ধ না থেকে বাস্তব পৃথিবী সম্পর্কেও জানতে পারবে।
অভিভাবকদেরও সন্তানদের সামনে বই ও সংবাদপত্র পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে। কারণ শিশুরা অনেক সময় বড়দের দেখেই নতুন অভ্যাস শেখে।
অনলাইন ও ছাপা সংবাদপত্রের সমন্বয় প্রয়োজন
প্রযুক্তিকে প্রতিপক্ষ হিসেবে না দেখে সংবাদপত্রের পাঠাভ্যাস বাড়ানোর সহযোগী হিসেবে ব্যবহার করা যেতে পারে। ছাপা পত্রিকার পাশাপাশি অনলাইন সংস্করণ, ই-পেপার ও মোবাইলভিত্তিক সংবাদসেবা পাঠকদের কাছে সংবাদ পৌঁছে দেওয়ার নতুন সুযোগ তৈরি করেছে।
তবে সংবাদ পরিবেশনের ক্ষেত্রে তথ্যের নির্ভরযোগ্যতা, বস্তুনিষ্ঠতা ও দায়িত্বশীলতা বজায় রাখা জরুরি। দ্রুত সংবাদ প্রকাশের প্রতিযোগিতায় যাচাই-বাছাইয়ের গুরুত্ব যেন কোনোভাবেই হারিয়ে না যায়।
পাঠাভ্যাস গড়ে তোলা সামাজিক দায়িত্ব
একটি সচেতন সমাজ গঠনে পাঠাভ্যাসের বিকল্প নেই। সংবাদপত্র মানুষকে শুধু ঘটনাপ্রবাহের সঙ্গে পরিচিত করে না, বরং সমাজের সমস্যা, সম্ভাবনা ও পরিবর্তন সম্পর্কে ভাবতে শেখায়।
তাই সংবাদপত্রের প্রতি আগ্রহ বাড়াতে পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান, গণমাধ্যম ও সামাজিক সংগঠনগুলোকে সম্মিলিতভাবে উদ্যোগ নিতে হবে। স্থানীয় পর্যায়ে পাঠাগার ও পত্রিকা পাঠকেন্দ্র গড়ে তোলাও হতে পারে কার্যকর পদক্ষেপ।
প্রযুক্তির যুগে সংবাদ পাওয়ার মাধ্যম বদলাবে, এটাই স্বাভাবিক। কিন্তু জানার আগ্রহ, বিশ্লেষণ করার ক্ষমতা এবং নিয়মিত পড়ার অভ্যাস হারিয়ে গেলে সমাজ দীর্ঘমেয়াদে ক্ষতিগ্রস্ত হবে।
সংবাদপত্রের পাঠাভ্যাস ফিরিয়ে আনা শুধু পত্রিকার প্রচার বাড়ানোর বিষয় নয়; এটি একটি জ্ঞানভিত্তিক, সচেতন ও দায়িত্বশীল প্রজন্ম গড়ে তোলারও গুরুত্বপূর্ণ শর্ত।
— মতামত বিভাগ
Noakhali Khabar Express